

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 জাতীয় রাজস্ব বোর্ড  
 ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৫ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ / ২৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-১৯৯-আইন/২০১১/৬১২-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭৫-আইন/২০১১/৫৯৮- মূসক এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যার ৮০২৬ এর বিপরীতে উল্লিখিত দফা (২) এর পর নিম্নরূপ নতুন দফা (৩) সংযোজিত হইবে, যথাঃ—

“(৩) হীরক (Diamond) বা এইরূপ অন্য কোন মূল্যবান পদার্থ বা পাথর দ্বারা অথবা উহাদের সহযোগে অলংকার তৈরী, মেরামত, মজুদ বা বিপণনকারী।”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

কাজী মুহম্মদ জিয়াউদ্দীন  
 দ্বিতীয় সচিব (মূসক নীতি ও বাজেট)।